



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



ম্যারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৯৭৯

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৭

০৩ সেপ্টেম্বর ২০২০

বিষয়: সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে সড়ক পথে মোট ২৭০৪ মে.টন বোরো'২০ আতপ চালের চলাচলসূচি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ সংগ্রহ'২০২০ বোরো মৌসুমে ৮.০০ লক্ষ মে. টন ধান, ১০.০০ লক্ষ মে. টন সিক চাল, ১.৫০ লক্ষ মে. টন আতপ চাল, ৭৫,০০০ মে.টন গম ও আন্তর্জাতিক দরপত্রের অধীনে আমদানিতব্য ২.৫ লক্ষ মে. টন গমসহ সর্বমোট ২২.৭৫ লক্ষ মে. টন খাদ্যশস্য সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সংগ্রহ কার্যক্রম সফল করার লক্ষ্যে এলএসডি/সিএসডি সমূহে খালি জায়গা সৃষ্টি করা প্রয়োজন। সাধারণত চট্টগ্রাম বিভাগকে আতপভোক্তা এলাকা হিসেবে বিবেচনা করা হয়। তৎপ্রেক্ষিতে রংপুর, রাজশাহী ও ঢাকা বিভাগে বোরো'২০২০ মৌসুমে যে সকল এলএসডি সংগৃহীত বোরো'২০ আতপ চালের মজুত রয়েছে ঐ সকল এলএসডি/সিএসডি হতে চট্টগ্রাম বিভাগের কতিপয় এলএসডি/সিএসডি'র বর্তমান মজুত এবং আপতকালীন মজুত গড়ে তোলার লক্ষ্যে সড়ক পথে মোট ২৭০৪ মে.টন বোরো'২০ আতপচালের চলাচলসূচি নিয়োক্ত নির্দেশনাবলি যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

সড়ক পথে সংগৃহীত বোরো'২০ আতপচালের চলাচলসূচি:

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	দিনাজপুর	ভাদুরিয়া এলএসডি	চট্টগ্রাম	দেওয়ানহাট সিএসডি	১১২	বোরো'২০ আতপ চাল	সড়ক পথ	চসসা বিভাগ উপ-সূচি জারি করবেন।
২.	গাইবান্ধা	গাইবান্ধা এলএসডি	ঐ	ঐ	১৫	ঐ	ঐ	
৩.	ঐ	সাদুল্লায়াপুর এলএসডি	ঐ	ঐ	১৩১	ঐ	ঐ	
৪.	ঐ	বোনারপাড়া এলএসডি	ঐ	ঐ	১৫	ঐ	ঐ	
৫.	ঢাঁপাইনবাবগ় গ্র	ঢাঁপাইনবাবগ় গ্র এলএসডি	ঐ	ঐ	৫০৫	ঐ	ঐ	
৬.	ঐ	ঐ	ঐ	হালিশহর সিএসডি	৫৬২	ঐ	ঐ	
৭.	ঐ	রহনপুর এলএসডি	ঐ	ঐ	১৪০	ঐ	ঐ	
৮.	নওগাঁ	নওগাঁ এলএসডি	ঐ	ঐ	৭৭	ঐ	ঐ	

৯.	ঞ.	মহাদেবপুর এলএসডি	কঙ্গাবাজার	রামু এলএসডি	৬০	ঞ.	ঞ.
১০.	ঞ.	মহিষবাথান এলএসডি	ঞ.	ঞ.	৬০	ঞ.	ঞ.
১১.	ঞ.	মাতাজীহাট এলএসডি	ঞ.	ঞ.	১৫০	ঞ.	ঞ.
১২.	শেরপুর	শেরপুর এলএসডি	ঞ.	ঞ.	২০০	ঞ.	ঞ.
১৩.	নেত্রকোনা	মোহনগঞ্জ এলএসডি	ঞ.	উত্থিয়া এলএসডি	১২০	ঞ.	ঞ.
১৪.	ঞ.	নেত্রকোনা এলএসডি	ঞ.	ঞ.	৬০	ঞ.	ঞ.
১৫.	ময়মনসিংহ	তারাকান্দা এলএসডি	ঞ.	ঞ.	২৯৭	ঞ.	ঞ.
১৬.	ঞ.	ঞ.	ঞ.	টেকনাফ এলএসডি	১৫৩	ঞ.	ঞ.
১৭.	ফরিদপুর	বোয়ালমারী এলএসডি	ঞ.	ঞ.	৪৭	ঞ.	ঞ.
				মোট =	১৭০৮		

খাদ্যশস্য পরিবহণের ক্ষেত্রে আবশ্যিকভাবে পালনীয় নির্দেশনাঃ

১। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত [১১/০৫/২০১৯](#) খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা' বিষয়ক [১৮/০৪/২০২০](#) খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে;

২। সূচির আওতায় প্রেরিতব্য খাদ্যশস্যের বস্তায় প্রযোজ্য ক্ষেত্রে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের [০৯/০৫/২০১৯](#) খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে নির্দেশনা অনুযায়ী সাইলো/ওয়্যারহাটাজ বা এলএসডি/সিএসডি তে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহকৃত খাদ্যশস্যের বস্তার অপর পৃষ্ঠে ডিজিটাল প্রিন্ট স্টেলিলের স্পষ্ট ছাপ প্রদান নিশ্চিত করতে হবে; স্টেলিলবিহীন খাদ্যশস্য পরিবহণ করতে ঠিকাদারগণ বাধ্য নহেন;

৩। সূচির বিপরীতে প্রেরিতব্য খাদ্যশস্য সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত খাদ্যশস্যের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সুস্পষ্টভাবে ইনভয়েস উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানির বিশেষ তদারকি/নজরদারিতে খাদ্যশস্য প্রেরণ করতে হবে;

৪। চলাচল সূচির আওতায় কোন কীটাক্রান্ত (জীবিত/মৃত) খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সূচিতে উল্লিখিত সংশ্লিষ্ট গণ্য প্রকার ও ওয়ারেন্টি মোতাবেক প্রেরণ করতে হবে; প্রতিটি ট্রাক-এ প্রেরিত চালের ভৌত বিশ্লেষণ রিপোর্ট ও নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহণকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য ও বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৫। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) খাদ্যশস্য পরিবহণ, বোরাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম হলে বা সমস্যার উভ্যে হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাংক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অব্যবহৃত অবহিত করবেন;

৬। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না; ভি-ইনভয়েসে পণ্যের গুণগতমান ও ধরন সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৭। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৮। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপক কেন্দ্র খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্থাপিত) ফ্যাক্সযোগে সূচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিটিও এর নিকট প্রেরণ করবেন;

৯। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১০। সূচির মেয়াদ আগামী ১৬/০৯/২০২০ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১১। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রযোজ্য ক্ষেত্রে চুক্তিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অপরিবাহিত খাদ্যশস্য জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি অথবা বোর্যাইকেন্দ্রে পরিবহণযানসহ উপস্থিত আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে;

১২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক এই সূচি, উপসূচি, ডিআরটিসি সূচি Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।



৩-৯-২০২০

মোঃ ফজলে রাম্বী হায়দার

উপ-পরিচালক

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
- ২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর
- ৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
- ৪) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ, ঢাকা।
- ৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নেত্রকোণা, ঢাকা।
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, শেরপুর
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ফরিদপুর, ঢাকা।

- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নওগাঁ, রাজশাহী।
 ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী।
 ১০) জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর, রংপুর।
 ১১) জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৯৭৯/১(১০)

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৭
 ০৩ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিধপ্তরের ওয়েবসাইটে প্রকাশের
 অনুরোধ করা হলো)
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক,।
- ৯) ব্যবস্থাপক,সিএসডি।
- ১০) ভারপ্রাপ্ত কর্মকর্তাএলএসডি।



৩-৯-২০২০

মোঃ ফজলে রাক্তী হায়দার
 উপ-পরিচালক